

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি(এইচএসপি)
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম(এসইডিপি)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা-১০০০।
hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উচ্চ মাধ্যমিক উপবৃত্তি/৩৯/২০২০/২৮২

তারিখ : ০৪/০৬/২০২০ খ্রিঃ

বিষয় : এসইডিপি এর আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উচ্চ মাধ্যমিক/সমমান শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে উপবৃত্তির জন্য তালিকাভুক্ত শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বাস্তবায়নধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রামের অধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় সমাপ্ত উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পভুক্ত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির প্রায় ৩ লক্ষ ২৬ হাজার শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি বিতরণের লক্ষ্যে নতুন বিকাশ একাউন্ট খুলতে হবে।

বিকাশ একাউন্ট খুলতে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে :

০১. বিকাশ কর্তৃপক্ষ থেকে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সহিত সাক্ষাতপূর্বক প্রতিষ্ঠানভিত্তিক একাউন্ট খোলার সিডিউল নির্ধারণ করবেন।
০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সহযোগিতায় বিকাশের প্রতিনিধিগণ সরেজমিনে শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে শিক্ষার্থীদের নামে বিকাশ একাউন্ট খোলা শুরু করবেন।
০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সহযোগিতায় বিকাশের প্রতিনিধির মাধ্যমে উপবৃত্তির তালিকাভুক্ত প্রত্যেক যোগ্য শিক্ষার্থীর নামে বিকাশ একাউন্ট খোলা নিশ্চিত করতে হবে। কোনক্রমেই উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অনুমতি/সিডিউল ব্যতিত বিকাশ প্রতিনিধিগণ সরাসরি প্রতিষ্ঠানে গিয়ে একাউন্ট খুলতে পারবে না।
০৪. শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলার বিষয়ে KYC ফরম পূরণ এবং একাউন্ট থেকে টাকা উত্তোলন প্রভৃতি বিষয় সম্পর্কে অবহিত করার লক্ষ্যে বিকাশের প্রতিনিধি, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সমন্বয়ে একদিনের ওরিয়েন্টেশন প্রোগ্রাম করা যেতে পারে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদেরকে অবহিত করতে হবে।
০৫. উপবৃত্তি প্রাপ্যতার শর্তানুযায়ী কোন অযোগ্য শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলা যাবে না। ডাটাবেস/ACTSS এ উল্লিখিত কোন শিক্ষার্থী অনুপস্থিত/অযোগ্য থাকলে তার নাম ডাটাবেস/ACTSS থেকে কর্তনপূর্বক প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। কোন অযোগ্য শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলা হলে বা যোগ্য শিক্ষার্থীর/শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবক এর সিম/মোবাইল নম্বর ব্যতীত অন্য নম্বরে বিকাশ একাউন্ট খোলা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। অসত্য বা ভুল তথ্যের কারণে উপবৃত্তির অর্থ বিতরণ করা হলে সে অর্থ সরকারী কোষাগারে ফেরত দিতে প্রতিষ্ঠান প্রধান বাধ্য থাকবেন এবং এ জন্য তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ বিষয়টি সার্বিকভাবে তত্ত্বাবধান করবেন।
০৬. উপবৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীর বিকাশ একাউন্ট সচল রাখতে হবে।

বিকাশ একাউন্ট খোলার জন্য শিক্ষার্থীদের সঙ্গে যা নিয়ে আসতে হবে-

- একটি মোবাইল সেট
- শিক্ষার্থীর/শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের নামে রেজিস্ট্রেশনকৃত সিম যে নম্বরে পূর্বে বিকাশ একাউন্ট খোলা হয় নাই।
- শিক্ষার্থীর এক কপি পাসপোর্ট সাইজ ছবি।
- শিক্ষার্থীর/শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের স্পষ্ট ফটোকপি।

একাউন্ট খোলার সময় অবশ্যই মনে রাখতে হবে-

- বিকাশ একাউন্ট খোলার আগে প্রতিষ্ঠানের উপবৃত্তিধারী শিক্ষার্থীদের নামের তালিকা বিকাশ প্রতিনিধি প্রতিষ্ঠান প্রধানের নিকট সরবরাহ করবে।
- শিক্ষার্থীর উপস্থিতিতে বিকাশের প্রতিনিধিকে KYC ফরম সঠিকভাবে পূরণ করতে হবে।
- একটি সিম/মোবাইল নম্বর ব্যবহার করে কোনক্রমেই একাধিক শিক্ষার্থীর নামে বিকাশ একাউন্ট খোলা যাবে না।
- শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ডাটাবেস/ACTSS সীটে উক্ত শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার নামের সাথে জাতীয় পরিচয়পত্রের নামের মিল থাকতে হবে।
- যদি জাতীয় পরিচয়পত্র এবং ডাটাবেস/ACTSS- এ উল্লিখিত উক্ত শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার নামে কোন অসামঞ্জস্য থাকে, তবে ঐ জাতীয় পরিচয়পত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/কলেজ কর্তৃপক্ষের সত্যায়ন নিতে হবে।
- যদি শিক্ষার্থীর কাছে শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি না থাকে, তবে উক্ত শিক্ষার্থীর বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি KYC ফরমে সংযুক্ত করতে হবে। KYC ফরমে শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার নামের স্থানে তার বৈধ অভিভাবকের নাম জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পূরণ করতে হবে। এক্ষেত্রে বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের তথ্য বিকাশ কর্তৃক প্রদত্ত সংযুক্ত প্রত্যয়ন পত্রে পূরণ করে এই প্রত্যয়ন পত্রে অত্র শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/কলেজ কর্তৃপক্ষের সত্যায়ন নিতে হবে এবং তারপরে শিক্ষার্থীর KYC ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
- বিকাশের প্রতিনিধি একাউন্ট খোলার পরে পিন নম্বর সেট করে দিবে। শিক্ষার্থীদের অবশ্যই পিন নম্বর মনে রাখতে হবে। এ বিষয়ে বিকাশ কর্তৃপক্ষ সতর্ক নির্দেশনা প্রদান করবেন।
- শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলা শেষ হলে সাথে সাথে তার নামে খোলা বিকাশ একাউন্ট নম্বর ডাটাবেস/ACTSS সামারি সিটে উক্ত শিক্ষার্থীর নামের পাশে আপডেট করে নিতে হবে।
- প্রতিদিনের একাউন্ট খোলার তথ্য বিকাশ প্রতিনিধি প্রতিষ্ঠান প্রধানের নিকট সরবরাহ করবে। কোন ভাবেই অসম্পূর্ণ একাউন্ট খোলা যাবে না। একাউন্ট খোলা সম্পন্ন হওয়ার পর তালিকার ফটোকপি প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিয়ে প্রতিষ্ঠান প্রধান থেকে একাউন্ট খোলা সম্পন্ন হয়েছে মর্মে বিকাশ কর্তৃপক্ষ প্রত্যয়ন গ্রহণ করবেন।

